

## এসএসসির সব সূচকেই পিছিয়ে চট্টগ্রাম শিক্ষা বোর্ড

আব্দুসসাদ মুন্সী, চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার ফলে এবার বিপর্যয় ঘটেছে। জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা, পাসের হার, শতভাগ পাস করা স্কুলের সংখ্যাসহ প্রতিটি সূচকে ফল বিপর্যয় হয়েছে। এ নিয়ে শিক্ষার্থী অভিভাবকসহ সর্বশ্রমিরা হতাশ। ফল বিপর্যয়ের অন্যতম কারণ হিসেবে মনে করা হচ্ছে, পরীক্ষা চলাকালীন দেশের অস্থিতিশীল রাজনৈতিক পরিবেশ, সৃজনশীল পদ্ধতিতে গণিত বিষয়ে পরীক্ষা নেয়া, ঘনঘন পরীক্ষার সূচি পরিবর্তন, পাঠ্যসূচিতে পরিবর্তন, পার্বত্য তিন জেলায় অবকাঠামোগত সুযোগ-সুবিধার অপ্রতুলতা ইত্যাদি। ফল বিপর্যয়ের নেপথ্যে মূলত এসব কারণই ছিল মূল্য। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্মকর্তারা বলছেন, শিক্ষার্থীদের খাতা মূল্যায়ন করা হয়েছে উচ্চমাত্রায় সতর্কতার সঙ্গে। শিক্ষার্থীদের প্রতিটি উত্তরপত্র যথাযথভাবে মূল্যায়ন করা হয়েছে।

এদিকে ফল বিপর্যয়ের কথা স্বীকার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহবুব হাসান যুগান্তরকে বলেছেন, রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে পরীক্ষার্থীদের সনোমসংযোগ ব্যবহার নষ্ট হয়। নির্দিষ্ট সিডিউলে পরীক্ষা নেয়া যায়নি। মূলত এটিই ছিল এবার পিছিয়ে পড়ার অন্যতম কারণ। এ ছাড়া পার্বত্য জেলার খারাপ ফলও বোর্ডের সার্বিক ফলে প্রভাব ফেলেছে।

শনিবার প্রকাশিত চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষার ফল বিশ্লেষণ করে দেখা গেছে, চট্টগ্রাম বোর্ডে এবার পাসের হার ৮২ দশমিক ৭৭ শতাংশ। গতবারের চেয়ে পাসের হার কমেছে ৮ দশমিক ৬৩ শতাংশ। ২০১৪ সালে পাসের হার ছিল ৯১ দশমিক ৪০ শতাংশ। গতবারের তুলনায় জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী কমেছে তিন হাজার ৭৬৮ জন। এবার চট্টগ্রাম বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৭ হাজার ১১৬ জন শিক্ষার্থী। এর মধ্যে ছাত্র ৩ হাজার ৬১৬ জন ও ছাত্রী ৩ হাজার ৫০০ জন। গতবার এ সংখ্যা ছিল ১০ হাজার ৮৮৪। ২০১৪ সালে বিজ্ঞান বিভাগে পাসের হার ছিল ৯৩ দশমিক ৮৭ শতাংশ। মানবিক বিভাগে পাসের হার ছিল ৮৫ দশমিক ৯৯ শতাংশ। ব্যবসায়িক পাসের হার ছিল ৯২ দশমিক ৯৪ শতাংশ। আর এবার বিজ্ঞান বিভাগে পাসের হার ৯৫ দশমিক ৬৭ শতাংশ, মানবিক বিভাগে ৬৯ দশমিক ৮৩ শতাংশ এবং ব্যবসায়িক পাসের হার ৮২ দশমিক ৯৫ শতাংশ। এবার চট্টগ্রাম মহানগরীতে পাসের হার ৮৯ দশমিক ৮১ শতাংশ। তবে ২০১৪ সালে চট্টগ্রাম মহানগরীতে পাসের হার ছিল ৯৫ দশমিক ৬০ শতাংশ। জেলায় পাসের হার ৮২ দশমিক ৫৭ শতাংশ। ২০১৪ সালে জেলায় পাসের হার ছিল ৯১ দশমিক ৭০ শতাংশ। শুধু পাসের হার নয়, এবারে শতভাগ পাস করা স্কুলের সংখ্যাও নেমে এসেছে অর্ধেক। ২০১৪ সালে শতভাগ পাস করা স্কুলের সংখ্যা মোটামুটি ৯১টি সেখানে এবার শতভাগ পাস করেছে এমন স্কুলের সংখ্যা নেমে এসেছে ৪০টিতে। এবার কক্সবাজারে পাসের হার ৮৪ দশমিক ৫৭ শতাংশ। ২০১৪ সালে কক্সবাজারে পাসের হার ছিল ৯১ দশমিক ৩১ শতাংশ। রাঙ্গামাটি জেলায় পাসের হার ৭০ দশমিক ৯৯ শতাংশ। ২০১৪ সালে রাঙ্গামাটিতে পাসের হার ছিল ৮০ দশমিক ১৫ শতাংশ। ঝাংড়াছড়ি জেলায় পাসের হার ৬৮ দশমিক ৭২ শতাংশ। ২০১৪ সালে ঝাংড়াছড়ির পাসের হার ছিল ৮৩ দশমিক ১৫ শতাংশ। বান্দরবান জেলায় পাসের হার ৬৩ দশমিক ৩৯ শতাংশ। ২০১৪ সালে বান্দরবানে পাসের হার ছিল ৮৬ দশমিক ২১ শতাংশ।